**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ১৫ মে ২০১৬, ১ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। লন্ডনের উদ্দেশ্যে আজ ঢাকা ছাড়ছেন প্রধানমন্ত্রী
২। পাকিস্তানই চুক্তি লঙ্ঘন করেছে : আইনমন্ত্রী
৩। আত্মবিশ্বাস নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি : কৃষিমন্ত্রী
৪। ঢাক-চট্টগ্রাম মহাসড়কে ৩ সেতুর পাইলিং সেপ্টেম্বরে শুরু হবে : সড়ক পরিহণ ও সেতুমন্ত্রী
৫। খালেদা জিয়ার বিরুদ্ধে শেখ হাসিনা সরকারের কোনো প্রতিহিংসা নেই : তথ্যমন্ত্রী
৬। বান্দরবানে বৌদ্ধ ভিক্ষুকে গলা কেটে হত্যা
৭। পবিত্র শবেবরাতে আতশবাজি নিষিদ্ধ
৮। অর্থ পাচার রোধ ও উদ্ধারে বাংলাদেশ-আমেরিকা যৌথভাবে কাজ করবে : ওয়াশিংটনে উচ্চ পর্যায়ের বৈঠক
৯। জাল নোট রোধে সচেতনতা কর্মসূচি শুরু হবে : গভর্নর
১০। আসন্ন রমজান উপলক্ষে ১৭৪টি ট্রাকে খোলাবাজারে পণ্য বিক্রি করবে টিসিবি

চলমান পাতা/২

**১।　লন্ডনের উদ্দেশ্যে আজ ঢাকা ছাড়ছেন প্রধানমন্ত্রী**

বুলগেরিয়ায় অনুষ্ঠেয় গ্লোবাল উইমেন লিডারস ফোরামে যোগ দিতে আজ ১৫ মে রোববার লন্ডনের উদ্দেশ্যে যাত্রা করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। লন্ডনে দুই দিন অবস্থানের পর আগামী বুধবার থেকে শুক্রবার পর্যন্ত বুলগেরিয়ার রাজধানী সোফিয়ায় উইমেন লিডারস ফোরামে অংশ নিবেন তিনি। ওই ফোরামের উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশের প্রধানমন্ত্রী মূল বক্তা হিসেবে বক্তব্য দেবেন বলে তার প্রেস সচিব ইহসানুল করিম জানিয়েছেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১, ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১ ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১, ক.৫)।

**২।　পাকিস্তানই চুক্তি লঙ্ঘন করেছে : আইনমন্ত্রী**

বাংলাদেশ নয়, পাকিস্তানই ১৯৭৪ সালের ত্রিদেশীয় চুক্তি লঙ্ঘন করেছে বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল শনিবার রাজধানীর ধানমণ্ডিতে বিলিয়া মিলনায়তনে এক আলোচনা অনুষ্ঠান শেষে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। আইনমন্ত্রী বলেন, মৃত্যুদণ্ড কার্যকর নিয়ে পাকিস্তান যে চুক্তি লঙ্ঘনের কথা বলেছে, সেই ত্রিদেশীয় চুক্তির (১৯৭৪ সালের) শর্ত তারাই ভঙ্গ করেছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩।　আত্মবিশ্বাস নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী বলেছেন, আত্মবিশ্বাস, আত্মসম্মান ও আত্মমর্যদা আমাদের এগিয়ে নেয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা সে আত্মবিশ্বাস নিয়ে এগিয়ে যাচ্ছি। এখন দেশ গড়ার কাজে সবাইকে একসাথে কাজ করার সময়। কৃষকের মুখে হাসি থাকলেই দেশ বাঁচবে আমরা বাঁচবো। সারের দাম কমানো, রাবার ড্যাম নির্মাণসহ নানা কর্মকান্ডের মাধ্যমে কৃষিতে অভূতপূর্ব সাফল্য এসেছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি, এমনকি রপ্তানিও করছি। গতকাল ১৪ মে শনিবার শেরপুরের নালিতাবাড়িতে চেল্লাখালী রাবার ড্যাম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্যে কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** ( শেষ পৃ.,ক.৫)।

**৪।　ঢাক-চট্টগ্রাম মহাসড়কে ৩ সেতুর পাইলিং সেপ্টেম্বরে শুরু হবে : সড়ক পরিহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের চার লেন বিশিষ্ট দ্বিতীয় কাঁচপুর, মেঘনা ও মেঘনা-গোমতি সেতুর মূল পাইলিংয়ের কাজ আগামী সেপ্টেম্বর শুরু হবে। ২০১৮ সালের নির্ধারিত সময়ের দু' মাস আগে অর্থাৎ সেপ্টেম্বর-অক্টোবরে সেতু তিনটির নির্মাণকাজ শেষ হবে। ওই বছরই যান চলাচলের জন্য সেতু তিনটি উন্মুক্ত করে দেওয়া হবে। গতকাল ১৪ মে শনিবার নারায়নগঞ্জের মেঘনা নদীর ওপর নির্মিত দ্বিতীয় মেঘনা সেতুর নির্মাণকাজের অগ্রগতি পরিদর্শনে এসে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫, ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৫।　খালেদা জিয়ার বিরুদ্ধে শেখ হাসিনা সরকারের কোনো প্রতিহিংসা নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, খালেদা জিয়ার বিরুদ্ধে শেখ হাসিনা সরকারের কোনো প্রতিহিংসা নেই। তথ্যমন্ত্রী বলেন, খালেদা জিয়া ৭ বছর ধরে কখনো জঙ্গি তাণ্ডব চালিয়েছেন কখনো সংসদকে অচল করার চক্রান্ত করেছেন। আবার কখনো মানুষকে পুড়িয়ে হত্যা করেছেন। সরকারের অগ্রযাত্রাকে আটকানোর চেষ্টা করেছেন, সুতরাং খালেদা জিয়ার বিরুদ্ধে কোনো মামলা উদ্দেশ্যপ্রণোদিতভাবে সরকার দেয়নি। গতকাল ১৪ মে শনিবার কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়িয়ায় সড়ক ও উন্নয়ন কাজ উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.৪,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৬।　বান্দরবানে বৌদ্ধ ভিক্ষুকে গলা কেটে হত্যা**

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার বাইশারী ইউনিয়নে এক বৌদ্ধ ভিক্ষুকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। শুক্রবার রাতে চাকপাড়া বৌদ্ধবিহারে এ হত্যাকাণ্ডটি ঘটে বলে পুলিশ জানিয়েছে। নিহত মংসুইড চাক (৭৫) ওই বিহারের অধ্যক্ষ ছিলেন। গতকাল ১৪ মে শনিবার সকালে তার লাশ উদ্ধার করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **সংবাদ, ইত্তেফাক, যায়যায়দিন, ডেইলি সান, ডেইলি স্টার, নিউ এজ, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



**৭। পবিত্র শবেবরাতে আতশবাজি নিষিদ্ধ**

পবিত্র শবেবরাত উপলক্ষে আগামী ২২ মে রাতে সব ধরণের আতশবাজি ও বিস্ফোরকদ্রব্য বহন নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। গতকাল ১৪ মে শনিবার ডিএমপির গণমাধ্যম শাখা থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। ডিএমপির কমিশনার আছাদুজ্জামান মিয়া স্বাক্ষরিত এই সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শবেবরাত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পালনের লক্ষ্যে ঢাকা মহানগর এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষায় এই সিদ্ধান্ত নেয়া হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.৭,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

**৮। অর্থ পাচার রোধ ও উদ্ধারে বাংলাদেশ-আমেরিকা যৌথভাবে কাজ করবে**
**: ওয়াশিংটনে উচ্চ পর্যায়ের বৈঠক**

বাংলাদেশে এখন সবচেয়ে আলোচিত ঘটনা হচ্ছে অর্থ পাচারের ঘটনা। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক থেকে পাচার করা হয়েছে ৮১ মিলিয়ন ডলার। এ ছাড়া বিভিন্ন ব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠান থেকে বাংলাদেশের অর্থ বিদেশে পাচার হয়েছে এবং হচ্ছে। তবে এর মধ্যে আলোচিত পাচার হচ্ছে বাংলাদেশ ব্যাংক থেকে রিজার্ভের অর্থ পাচার। বাংলাদেশ থেকে এভাবে অর্থ পাচার হোক তা সরকার চায় না। আবার সরকারের মিত্র দেশগুলোও চায় না। তাই বাংলাদেশ থেকে অর্থ পাচার কীভাবে বন্ধ করা যায় এবং দোষীদের আইনের আওতায় এনে শাস্তি দেওয়া যায় তা নিয়ে বাংলাদেশ ও আমেরিকার মধ্যে যৌথ মতবিনিময় সভা শুরু হয়েছে। ওয়াশিংটনে অনুষ্ঠিত এই যৌথ সভায় অংশ নেওয়ার জন্য বাংলাদেশ সরকারের ৫ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল ওয়াশিংটন গিয়েছেন। সূত্র- **ইনকিলাব** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫)।

**৯। জাল নোট রোধে সচেতনতা কর্মসূচি শুরু হবে : গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির বলেছেন, জাল নোট প্রতিরোধে প্রতিটি জেলায় সচেতনতা কর্মসূচি শুরু করা হবে। এ ছাড়া দৃষ্টিপ্রতিবন্ধীরা যাতে সহজেই জাল নোট চিনতে পারেন, তেমন উপায় যুক্ত করার প্রয়োজন আছে কি না তা-ও পরীক্ষা করে দেখা হবে। গতকাল ১৪ মে রাজধানীর মিরপুরের পুলিশ স্টাফ কলেজ কনভেনশন হলে ‘দৃষ্টিপ্রতিবন্ধীদের জন্য জাল নোট শনাক্তকরণ’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে গভর্নর এ মন্তব্য করেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট ও ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব কারেন্সি টেকনোলজি যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

**১০। আসন্ন রমজান উপলক্ষে ১৭৪টি ট্রাকে খোলাবাজারে পণ্য বিক্রি করবে টিসিবি**

প্রতিবছরের মতো এবারও সারাদেশে খোলাবাজারে নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রির পরিকল্পনা করেছে টিসিবি। আসন্ন রমজান উপলক্ষে সারাদেশে ১৭৪টি ট্রাকে করে খোলাবাজারে পণ্য বিক্রির পরিকল্পনা করা হয়েছে। এর মধ্যে ঢাকা শহরে ২৫টি ট্রাক এবং চট্টগ্রাম শহরে ১০টি ট্রাক থাকবে। অন্যান্য বিভাগীয়

শহরগুলোতে থাকবে ৫টি করে ট্রাক। বিভাগীয় শহর বাদে বাকি ৫৭টি জেলায় প্রতিটিতে দুটি করে ট্রাক নিয়ে রমজানের প্রয়োজনীয় পণ্য বিক্রি করবে টিসিবি। ৩ হাজার ৫৪ জন ডিলারের মাধ্যমে সারাদেশে পণ্য বিক্রির পরিকল্পনা করা হয়েছে। এবার ১৭৪টি ট্রাকের মাধ্যমে ন্যায্যমূল্যে চিনি, সয়াবিন তেল, মসুর ডাল, ছোলা ও খেজুর বিক্রি করবে টিসিবি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** দেশে খেলাপি ঋণের হার ৮ দশমিক ৭৯ শতাংশ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বিরাট অংকের খেলাপি ঋণ ব্যাংকিং ব্যবস্থা ও সার্বিক অর্থনীতিতে মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলায় আর্থিক খাতের এ সংকট দূর করার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট :** সারাদেশে বজ্রপাতে ৬৮ জন নিহত হওয়ার কথা উল্লেখ করে প্রাকৃতিক দুর্যোগের এ ভয়াবহতা থেকে জনগণকে বাঁচাতে জনসচেতনতা বাড়ানোর আহ্বান।

গ. **সংবাদ, অবজারভার :** বান্দরবানের নাইক্ষ্যংছড়িতে একজন বৌদ্ধ ভিক্ষুর গলাকাটা লাশ উদ্ধার হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ঘটনার জন্য দায়ী দুর্বৃত্তকে খুঁজে বের করে কঠোর আইনি ব্যবস্থা  নেওয়ার দাবি।

ঘ. **যুগান্তর :** উচ্চ মাধ্যমিকে ভর্তি ফি নির্ধারণে রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর তুলনায় রাজধানীর বাইরের প্রতিষ্ঠানগুলোর কম ফি নেওয়ার মত বৈষম্য নিরসনের কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি সান :** টেকনাফের নয়াপাড়া রোহিঙ্গা শরণার্থী শিবিরের আনসার ক্যাম্পে দুর্বৃত্তদের হামলায় একজন আনসার কমান্ডারের নিহত হওয়ার ঘটনায় দেশের জননিরাপত্তার পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে এ ধরনের ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি স্টার :**আসন সংকটের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাবলিক লাইব্রেরিতে অধ্যয়নের সুযোগ পেতে শিক্ষার্থীদের দীর্ঘ লাইনে দাড়ানোর বিষয় তুলে ধরে শিক্ষা মন্ত্রণালয়কে এ বিষয়ে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** মৌসুমী ফলমূলসহ অন্যান্য খাদ্যে ভেজাল প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির ব্যবস্থা করার পাশাপাশি খাদ্যপণ্য উৎপাদন ও বিপণনের প্রতিটি পর্যায়ে স্থানীয় প্রশাসনকে যথাযথ নির্দেশনা মেনে চলার ব্যবস্থা করার আহ্বান।

জ. **নিউজ টুডে :** জ্বালানি তেলের দাম কমার পরেও প্রত্যাশা অনুযায়ী যানবাহনের ভাড়া না কমায় সরকারকে জনস্বার্থে এ ব্যাপারে হস্তক্ষেপ করার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** পর্যাপ্ত পার্কিং ব্যবস্থা না থাকায় রাজধানীতে দিনদিন যানজট প্রকট আকার ধারন করায় সড়ক যানজটমুক্ত রাখতে আরও পার্কিয়ের ব্যবস্থা করার প্রত্যাশা।

ঞ. **নিউ নেশন :** ইউরোপীয় ইউনিয়ন থেকে বাংলাদেশে সরাসরি বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে হলে সরকারকে ইউরোপীর ইউনিয়নের কূটনীতিকদের মতামতের গুরুত্ব দেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উৎপাদিত ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করতে হলে চাল আমদানি যৌক্তিকীকরণ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **‘পারিবারিক শিক্ষা ও বন্ধন’** শিরোনামের নিবন্ধে মাহফুজুর রহমান মানিক পরিবার যখন সমাজেরই অংশ তখন প্রত্যেকটি পরিবার সচেতন হলে, পারিবারিকভাবে সুন্দর পরিবেশে সবাই গড়ে উঠলে ভালো সমাজ উপহার দেওয়া সম্ভব বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা